# Times Today BD

জেলা প্রতিনিধি | দেশজুড়ে | 25 June, 2025

সিলেট বিভাগে করোনায় নতুন করে আক্রান্ত আরও ২ জন রোগী সনাক্ত হয়েছেন।আর ডেঙ্গু আক্রান্ত সনাক্ত হয়েছেন একজন।এ নিয়ে বিভাগে করোনায় ১৭ জন ও ডেঙ্গুতে আক্রান্ত ২৫ জন রোগী সনাক্ত হলেন।বুধবার (২৫ জুন ২০২৫ইং) সিলেট বিভাগীয় স্বাস্থ্য পরিচালকের কার্যালয় এ তথ্য নিশ্চিত করেছে।

বিভাগীয় স্বাস্থ্য পরিচালকের কার্যালয় সূত্র জানায়, বুধবার সকাল ১০টা থেকে পূর্ববর্তী ২৪ ঘন্টায় সিলেট বিভাগে ৬০ জনের নমুনা পরীক্ষায় ২ জন করোনা আক্রান্ত সনাক্ত হয়েছেন।আক্রান্তদের মধ্যে ৮ জন হাসপাতালে ভর্তি আছেন।এর মধ্যে সিলেট শহীদ শামসুদ্দিন আহমদ হাসপাতালে ৫ জন, নর্থ ইস্ট মেডিকেল কলেজ হাসপাতালে ১ জন, জালালাবাদ রাগীব-রাবেয়া মেডিকেল কলেজ হাসপাতালে ১ জন ও আল হারামাইন হাসপাতালে ১ জন চিকিৎসাধীন আছেন।

এছাড়া গেল ২৪ ঘন্টায় মৌলভীবাজারে একজন ডেঙ্গু রোগী সনাক্ত হয়েছেন।বর্তমানে তিনি মৌলভীবাজার সদর হাসপাতালে চিকিৎসাধীন আছেন।

সিলেট বিভাগীয় স্বাস্থ্য পরিচালক ডা. আনিসুর রহমান জানিয়েছেন, করোনা ও ডেঙ্গু প্রতিরোধে জনসচেতনতার কোন বিকল্প নেই। মানুষকে সচেতন করা গেলে করোনা সংক্রমণ ও ডেঙ্গু বিস্তাররোধ সম্ভব।

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 27 June, 2025 10:24

URL: https://www.timestodaybd.com/public/across-the-country/3704586132